গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(রাজস্ব শাখা)
**www.comilla.gov.bd**

স্মারক নম্বর: ০৫.৪২.১৯০০.৩০২.০১.০৩৮.২৫- ৫২৪ তারিখ: ২০ .০৫.২০২৬ খ্রিস্টাব্দ

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য দ্বিতীয় ধাপে বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা প্রদানে সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগামী ১১/০৬/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন উল্লিখিত ই-মেইলে (rdccomilla1@gmail.com) অথবা জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর রুম নম্বর: ২৩২ এ সরাসরি এসে আবেদন দাখিল করা যাবে। **www.comilla.gov.bd** এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও আবেদনের সাথে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদির ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

আবেদনকারীর যোগ্যতা:

অনুমতিপত্র প্রাপ্তির জন্য যোগ্য আবেদনকারীর-

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেটে ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা দানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে:

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিল যোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তি মূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেটে ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোন ভাবেই ফৌজদারি অপরাধে এজাহার ভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাব ভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

১৩. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ হাজার টাকা, পৌর এলাকার জন্য ১ (এক) লক্ষ টাকা এবং সিটি কর্পোরেশনের জন্য ১ লক্ষ ৫০ হাজার টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;

১৫. উপজেলা/সার্কেল ভূমি অফিস বা ইউনিয়ন ভূমি অফিস চত্বরে এলএসএফসি কেন্দ্র স্থাপন করা যাবেনা;

১৬. নির্ধারিত ১১/০৬/২০২৬ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবেনা।

যে সকল সিটি কর্পোরেশন ওয়ার্ড, পৌরসভা এবং ইউনিয়নে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিল করা যাবে:

| ক্রম নং | সার্কেল অফিস/উপজেলার নাম | যে সকল সিটি কর্পোরেশন ওয়ার্ডে ভূমি সেবা সহায়তা কেন্দ্র স্থাপনের জন্য অনুমতি প্রাপ্তির আবেদন করা যাবে | যে সকল পৌরসভায় ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের জন্য অনুমতি প্রাপ্তির আবেদন করা যাবে | যে সকল ইউনিয়নে ভূমি সেবা সহায়তা কেন্দ্র স্থাপনের জন্য অনুমতি প্রাপ্তির আবেদন করা যাবে | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | আদর্শ সদর | ১। ভাটপাড়া ও বিষ্ণুপুর-১নং ওয়ার্ড<br>২। ছোটরা- ২নং ওয়ার্ড<br>৩। কালিয়াজুরী ও রেইসকোর্স শাসনগাছা- ৩নং ওয়ার্ড<br>৪। কাপ্তান বাজার, জাহান নগর ও ইসলামপুর- ৪নং ওয়ার্ড<br>৫। গাংচর, চকবাজার ও গংগাগঞ্জ, চাদপুর, শুভপুর- | -- | ১। আমড়াতলী, ২। জগন্নাথপুর, ৩। পাঁচথুবী ৪। দুর্গাপুর উত্তর। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৬নং ওয়ার্ড<br>৬। গোবিন্দপুর অশোকতলা- ৭নং ওয়ার্ড<br>৭। নোনাবাদ কলোনীর পুকুরের পূর্ব অংশ, গোবিন্দপুর- ৮নং ওয়ার্ড<br>৮। বাগিচাগাঁও- ৯নং ওয়ার্ড<br>০৯। ঝাউতলা- ১০নং ওয়ার্ড<br>১০। মনোহরপুর,বজ্রপুর- ১১নং ওয়ার্ড<br>১১। উত্তর চর্থা মৌজা ও বজ্রপুরের অংশ- ১২নং ওয়ার্ড<br>১২। দক্ষিণ চর্থা- ১৩নং ওয়ার্ড<br>১৩। মুরাদপুর- ১৪নং ওয়ার্ড<br>১৪। কাশারীপট্টি ও মৌলভীপাড়া, ১ম মুরাদপুর- ১৫নং ওয়ার্ড<br>১৫। সংরাইশ ও টিক্কারচর- ১৬নং ওয়ার্ড<br>১৬। সুজাগঞ্জ, তেলিকোণা, পাথুরিয়া- ১৭নং ওয়ার্ড পাড়া<br>১৭। হজরত পাড়া, হাউজিং এস্টেট ও নুরপুর এবং কাটাবিল- ১৮নং ওয়ার্ড | | | |
| ০২ | সদর দক্ষিণ | ১৮। নেউরা, রাজাপাড়া,রসুলপুর, নোয়াপাড়া- ১৯নং ওয়ার্ড<br>১৯। দিশাবন্দ, কাজিপাড়া, উনাইসার, লক্ষীনগর- ২০নং ওয়ার্ড<br>২০। শাকতলা, আশ্রাফপুর, হালুয়াপাড়া, রামনগর, দৈয়ারা উত্তর, জাংগালিয়া- ২১নং ওয়ার্ড<br>২১। কচুয়া, দৈয়ারা, লক্ষীপুর, রামপুর, শ্রীবল্লভপুর- ২২নং ওয়ার্ড<br>২২। জয়পুর, মঠপুস্কুরিনী, নন্দনপুর, বাতাবাড়িয়া, চাংগিনী- ২৩নং ওয়ার্ড<br>২৩। কোটবাড়ি, পিরোজপুর, সালমানপুর, বাগমারা, রামপুর- ২৪নং ওয়ার্ড<br>২৪। দয়াপুর, তারপাইয়া, ডুমুরিয়া, কালিকিংকরপুর, ধনপুর, চৌয়ারা- ২৫নং ওয়ার্ড<br>২৫। গোয়ালমথন, মহেশপুর, বল্লভপুর, বাউবন্দ, কালিকাপুর- ২৬নং ওয়ার্ড | -- | ১। জোরকানন (পূর্ব), ২। বিজয়পুর, ৩। চৌয়ারা, ৪। গলিয়ারা দক্ষিণ, ৫। জোরকানন (পশ্চিম)। | |
| ০৩ | চৌদ্দগ্রাম | -- | -- | ১। জগন্নাথদিঘী, ০২। শুভপুর ৩। ঘোলপাশা, ০৪। গুনবতী ০৫। চিওড়া,, ৬। কালিকাপুর, ৭। বাতিসা, ৮। কনকাপৈত, ৯। মুন্সিরহাট, ১০। কাশিনগর ১১। শ্রীপুর। | |
| ০৪ | নাঙ্গলকোট | -- | নাঙ্গলকোট পৌরসভা | ১। মক্রবপুর, ২। হেসাখাল, ৩। বক্সগঞ্জ, ৪। বাঙ্গড্ডা, ৫। পেরিয়া, ৬। রায়কোট (উ:), ৭। রায়কোট (দ:), ৮। মৌকরা, ৯। ঢালুয়া, ১০। দৌলখাঁড়, ১১। সাতবাড়িয়া<br>১২। আদ্রা (দক্ষিন), ১৩। আদ্রা (উত্তর), ১৪। জোড্ডা (পূর্ব), ১৫। জোড্ডা (পশ্চিম)। | |
| ০৫ | লাকসাম | -- | -- | ০১। আজগরা ২। লাকসাম (পূর্ব), ৩। কান্দিরপাড়, ৪। গোবিন্দপুর, ৫। উত্তরদা, ৬। বাকই দক্ষিণ, ৭। মুদাফরগঞ্জ (উ:), ০৮। মুদাফরগঞ্জ (দ:)। | |
| ০৬ | লালমাই | -- | -- | ১। বেলঘর (দক্ষিণ), ২। ভুলইন (উত্তর), ৩। ভুলইন (দক্ষিণ), ৪। বাগমারা (উত্তর), ৫। বাকই (উত্তর), ৬। পেরুল (উত্তর), ৭। পেরুল (দক্ষিণ), | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ৮। বেলঘর (উত্তর)। | |
| ০৭ | মনোহরগঞ্জ | -- | -- | ১। উত্তর হাওলা, ২। বাইশগাঁও, ৩। মৈশাতুয়া, ৪। ঝলম দক্ষিণ, ০৫। নাথেরপেটুয়া ৬। ঝলম উত্তর, ৭। খিলা, ৮। বিপুলাসার, ৯। হাসনাবাদ, ১০। সরসপুর। | |
| ০৮ | বরুড়া | -- | -- | ১। আগানগর, ২। ভবানীপুর, ৩। খোশবাস (উত্তর), ৪। খোশবাস (দক্ষিণ), ৫। ঝলম, ৬। চিতড্ডা, ৭। শাকপুর, ৮। ভাউকসার, ৯। শিলমুড়ি (দক্ষিণ), ১০। শিলমুড়ি (উত্তর), ১১। গালিমপুর, ১২। পয়ালগাছা ১৩। আদ্রা, ১৪। লক্ষীপুর। | |
| ০৯ | চান্দিনা | -- | -- | ০১। বাড়েরা দক্ষিণ ২। গল্লাই, ৩। সুহিলপুর, ৪। দোল্লাই নবাবপুর, ৫। জোয়াগ, ৬। বরকইট, ০৭। বরকরই ০৮। বাড়েরা উত্তর, ০৯। এবদারপুর, ১০। বাতাঘাসি, ১১। মহিচাল ১২। মাইজখার। | |
| ১০ | দাউদকান্দি | -- | দাউদকান্দি পৌরসভা | ১। গোয়ালমারী। ২। দাউদকান্দি উত্তর, ৩। সুন্দলপুর, ৪। বারপাড়া, ৫। গৌরিপুর, ০৬। পদুয়া ৭। ইলিয়টগঞ্জ উত্তর, ৮। জিংলাতলী, ৯। বিটেশ্বর, ১০। মারুকা, ১১। দৌলতপুর, ১২। মোহাম্মদপুর, ১৩। মালিগাঁও, ১৪। পাঁচগাছিয়া পশ্চিম। | |
| ১১ | মেঘনা | -- | -- | ১। রাধানগর, ২। মানিকারচর, ৩। গোবিন্দপুর, ৪। লুটেরচর, ৫। চালিভাঙ্গা,<br>৬। চন্দনপুর, ৭। বড়কান্দা। | |
| ১২ | তিতাস | -- | -- | ১। কড়িকান্দি, ২। বলরামপুর, ৩। নারান্দিয়া, ৪। কলকান্দি, ৫। সাতানী, ৬। মজিদপুর, ৭। জিয়ারকান্দি, ৮। জগতপুর। | |
| ১৩ | হোমনা | -- | হোমনা পৌরসভা | ১। জয়পুর ২। মাথাভাঙ্গা, ৩। আসাদপুর, ৪। দুলালপুর, ৫। ঘাগুটিয়া, ৬। নিলখী, ৭। ভাষানিয়া, ৮। চান্দেরচর। | |
| ১৪ | মুরাদনগর | -- | -- | ১। নবীপুর পূর্ব, ২। শ্রীকাইল, ০২। পূর্বধৈর পূর্ব।, ৪। টনকী, ৫। চাপিতলা, ৬। যাত্রাপুর (প:), ৭। যাত্রাপুর (পূর্ব), ৮। আন্দিকোট, ৯। আকুবপুর, ১০। বাংগরা (পূর্ব), ১১। বাংগরা (পশ্চিম), ১২। রামচন্দ্রপুর (উত্তর), ১৩। রামচন্দ্রপুর (দক্ষিণ), ১৪। ধামঘর, ১৫। পাহাড়পুর, ১৬। দারোরা, ১৭। পূর্বধৈর (পশ্চিম), ১৮। মুরাদনগর সদর ১৯। ছালিয়াকান্দি ২০। নবীপুর পশ্চিম | |
| ১৫ | দেবিদ্বার | -- | দেবিদ্বার পৌরসভা | ১। মোহনপুর, ২। ইউসুফপুর, ৩। সুবিল, ৪। রসুলপুর, ০৫। ভানী। ০৬। ফতেহাবাদ, ০৭। বরকামতা, ০৮। বড়শালঘর, ০৯। গুনাইঘর (উ:), ১০। গুনাইঘর (দ:), ১১। রাজামেহার, ১২। ধামতী (উ:), ১৩। ধামতী (দ:)। | |
| ১৬ | ব্রাহ্মণপাড়া | -- | -- | ১। মাধবপুর, ২। সিদলাই, ৩। চান্দলা, | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ৪। শশীদল, ৫। দুলালপুর, ৬। ব্রাহ্মণপাড়া সদর, ০৭। মালাপাড়া। | |
| ১৭ | বুড়িচং | -- | -- | ১। রাজাপুর ২। মোকাম, ৩। ময়নামতি, ৪। ভারেল্লা (উত্তর), ৫। ভারেল্লা (দক্ষিণ), ৬। ষোলনল, ৭। পীরযাত্রাপুর। | |

এ.বি.এম মশিউজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০০৩০৭

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.৩০২.০১.০৩৮.২৫- ৫২৪ তারিখ: .০৫.২০২৬ খ্রিস্টাব্দ

**[অনুলিপি; সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):]**

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট /অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/ শিক্ষা ও আইসিটি/রাজস্ব/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা, কুমিল্লা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুমিল্লা।
০৮। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুমিল্লা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৯। সহকারী কমিশনার, আইসিটিশাখা, এ কার্যালয়, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। উপ-পরিচালক, জেলা তথ্য অফিসার, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) এবং
১১। অফিস কপি।

এ.বি.এম মশিউজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০০৩০৭

বরাবর

জেলা প্রশাসক

……………………………………

বিষয়: ভূমিসেবায় এলএসএফসি পরিচালনার জন্য অনুমতিপত্র প্রাপ্তির আবেদন।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী …………………………………………… ভূমিসেবা সহায়তাকারী হিসাবে এলএসএফসি পরিচালনার অনুমতিপত্র প্রাপ্তির জন্য ছক অনুসারে তথ্য প্রদান করে ও প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত করে আবেদন করছি।

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম ও<br>যোগাযোগের ঠিকানা: | |
| | মোবাইল নম্বর: | ইমেইল (যদি থাকে): |
| | | |
| ২। | এনআইডি নম্বর: | টিআইএন:<br>ভ্যাট রেজি. নম্বর: |
| | কোন ব্যবসায়ী/ পেশাজীবী সমিতির সদস্য হলে তার নাম: | |
| | | |
| ৩। | প্রস্তাবিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের/<br>এলএসএফসি’র অবস্থান: | জেলা:<br>উপজেলা/থানা/সার্কেল:<br>ইউনিয়ন/পৌরসভা: |
| | কেন্দ্র উপযোগী স্থাপনা পরিচালনাধীন থাকলে তার বিবরণী: | |
| | | |
| ৪। | সেবা সহায়তা কেন্দ্রে লোকবল: | কম্পিউটার কর্মী: জন<br>কেন্দ্র ইনচার্জ: জন |

| | | |
|---|---|---|
| ৫। | কেন্দ্রে ব্যবহার্য ডিভাইস: | কম্পিউটার: টি প্রিন্টার: টি<br>ল্যাপটপ: টি স্ক্যানার: টি<br>ইন্টারনেট সংযোগের উৎস:<br>অভ্যন্তরীণ নিরাপত্তায় ব্যবহৃত যন্ত্রাদি:<br>বিদ্যুতের উৎস ও বিকল্প উৎস আছে কি না:<br>অন্যান্য যন্ত্রাদি (নামসহ উল্লেখ করুন): |
| | | |
| ৬। | নাগরিকের সুবিধাদি (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |
| ৭। | নাগরিকের তথ্য ও রেকর্ড সুরক্ষার পরিকল্পনা (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |
| ৮। | জরুরি যোগাযোগে বিকল্প ব্যক্তির নাম, ইমেইল ও মোবাইল নম্বর: | |

উপরের সকল তথ্য সঠিক। এ সব তথ্য বিবেচনা করে অনুমতিপত্রধারী হিসাবে নিয়োগ প্রাপ্ত হলে নির্দেশিকার সকল শর্ত মেনে চলবো এবং দেশে বলবৎ আইন ও সরকারের আইনগত আদেশ প্রতিপালন করবো ।

নামসহ স্বাক্ষর
ঠিকানা (মোবাইল নম্বরসহ)
তারিখ:

**<u>সংযুক্তি:</u>**

ক) ট্রেড লাইসেন্স
খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ (যদি থাকে)
গ) আবেদনকারীর ২ (দুই) কপি ছবি
ঘ) এনআইডি’র কপি
ঙ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা